

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০১১.৩৪.০৬.০০৭১.২০১৬ (অংশ-১) - ২০

তারিখঃ ২৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী (২য় শ্রেণি/১০ম গ্রেড) পদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী (২য় শ্রেণি/১০ম গ্রেড) পদে নিয়োগের নিমিত্তে লিখিত পরীক্ষা গত ২০.০৯.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। বর্ণিত পদের লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রেজিঃ নম্বর ধারী প্রার্থীগণ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। উল্লেখ্য, প্রকাশিত ফলাফলে যুক্তিসংগত কারণে কোন সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

উপ সহকারী প্রকৌশলী (২য় শ্রেণি/১০ম গ্রেড) পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিঃ নম্বরসমূহঃ

000003 000006 000011 000012 000017 000022 000032 000034 000036 000038 000039 000041 000049 000054
000056 000059 000065 000069 000072 000076 000077 000079 000087 000089 000090 000091 000097 000102
000103 000110 000115 000117 000119 000121 000128 000129 000130 000132 000134 000136 000152 000154
000159 000161 000163 000171 000177 000178 000190 000199 000201 000209 000210 000214 000223 000225
000260 000268 000286 000290 000297 000299 000302 000317 000325 000326 000339 000354 000385 000395
000397 300007 300090 600061 700015 700018 Total=76 জন।

২. উল্লেখ্য, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্রের ফরম (Bpsc Form-3) কর্ম কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd)-হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১৪.০২..২০১৮ খ্রিঃ তারিখ হতে ২৫.০২.২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের আগারগাঁও, শেরে বাংলানগর ঢাকা-১২০৭ এর ইউনিট-৫ এ জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বিপিএসসি ফরম-৩ জমা দিতে ব্যর্থ হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৩. কোন ক্ষেত্রে চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীকালে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে অসত্য তথ্য প্রদান করলে, কোন জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে। এমনকি, চাকরিতে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করা হবে।

৪. উল্লিখিত পদগুলির লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

৫. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইটঃ www.bpsc.gov.bd থেকেও এ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

❖ চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২৯/১
০২.০২.২০১৮

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(অতিরিক্ত সচিব)